



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকশিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয় : বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ।

ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭,

E-mail: chairmanbisemym@gmail.com

www.mymensingheducationboard.gov.bd



স্মারকনং- মশিবো/কলেজ/বিবিধ/১৩/০৮/২০/৭৯৪

তারিখঃ ০৮/০৮/২০২১খ্রি.

বিষয়: ২০২১ সালে এইচএসসি পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অত্র বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ে সকল পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনকৃত (২০২১ সালে এইচএসসি পরীক্ষার্থী) শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড নিম্নবর্ণিত সময় ও তারিখে কেন্দ্র ভিত্তিক বিতরণ করা হবে।

বিতরণের স্থান ও সময় : অত্র বোর্ডের ০১ নং ভবন(নিচতলা), কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

তারিখ	বার	সময় (সকাল ও বিকাল)	জেলা ও উপজেলার নাম
১১/০৮/২০২১	বুধবার	সকাল ১০ হতে দুপুর ০১ টা	ময়মনসিংহ সদর, ফুলবাড়ীয়া, মুন্সীগঞ্জ, ঈশ্বরগঞ্জ, ত্রিশাল, ফুলপুর, তারাকান্দা,
		দুপুর ০২ টা হতে বিকাল ০৪ টা	গফরগাঁও, গৌরিপুর, ভালুকা, নান্দাইল, খোবাউড়া, হালুয়াঘাট
১২/০৮/২০২১	বৃহস্পতিবার	সকাল ১০ হতে দুপুর ০১ টা	জামালপুর জেলা
		দুপুর ০২ টা হতে বিকাল ০৪ টা	শেরপুর জেলা
১৪/০৮/২০২১	শনিবার	সকাল ১০ হতে দুপুর ০২ টা	নেত্রকোণা জেলা


এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, শুধুমাত্র কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কেন্দ্রের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান সমূহের রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করবেন। রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের সময় সর্বশেষ স্বীকৃতি নবায়ন পত্র, কমিটির অনুমতি পত্র ও কেন্দ্রের অনুমোদন পত্র অবশ্যই আনতে হবে। ভারপ্রাপ্ত কর্মকর্তা/প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তাগণ রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের ০৩ (তিন) দিনের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পৌছানোর ব্যবস্থা করবেন। প্রতিষ্ঠান প্রধানগণ রেজিস্ট্রেশন কার্ড পাওয়ার পর কোন ধরনের ভুল ত্রুটি পরিলক্ষিত হলে রেজিস্ট্রেশন কার্ড প্রাপ্তির ০৪(চার) দিনের মধ্যে সংশোধনের জন্য বোর্ডে ই-মেইলের মাধ্যমে (ই-মেইল ঠিকানা- abdullahilrafi@gmail.com) আবেদন করতে পারবেন। আবেদন পত্রের সাথে প্রয়োজনীয় সংযুক্তিসহ ই-মেইল প্রেরণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে আবেদন করতে ব্যর্থ হলে এর দায়িত্ব প্রতিষ্ঠান প্রধান কে বহন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রাপক:

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ে সকল পরীক্ষা কেন্দ্র।

 ০৮.০৮.২১

কলেজ পরিদর্শক

(শেখ মোঃ হাবিবুর রহমান)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
২. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
৩. উপ-পরিচালক (হি. ও নি.) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
৪. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
৫. সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ(পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ);
৬. পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
৭. অফিস কপি।

